বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এফই সার্কুলার নং- ২৫

তারিখ ঃ জ্যৈষ্ঠ ২৫, ১৪২১ / জুন ০৮, ২০১৪

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

বস্ত্র শিল্পের তৈরী পোশাক খাতে অতিরিক্ত আর্থিক প্রণোদনা প্রদান প্রসংগে।

তৈরী পোশাক শিল্পে সহযোগিতা প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক এ খাতের সকল রপ্তানিকারকগণকে নিম্নোক্তভাবে অতিরিক্ত আর্থিক সহায়তা প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ঃ

(ক) তৈরী পোশাক শিল্পে নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে বিদ্যমান ব্যবস্থার অতিরিক্ত হিসেবে তৈরী পোশাক রপ্তানি মূল্যের (এফওবি মূল্য) উপর ০.২৫% হারে বর্ধিত নগদ সহায়তা প্রদান করা হবে।

(খ) নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্রখাত) সম্প্রসারণ (আমেরিকা/কানাডা/ইইউ ব্যতীত) সহায়তার বিদ্যমান হার ২% হতে বৃদ্ধি করে ৩% হারে উন্নীত করা হলো। বাজার সম্প্রসারণ সহায়তা পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য সংশ্লিষ্ট সার্কুলার অনুসরণীয় হবে। জানুয়ারী ০১, ২০১৪ তারিখ হতে জাহাজীকৃত পণ্যের বিপরীতে এ সার্কুলার জারির তারিখ পর্যন্ত ২% হারে বাজার সম্প্রসারণ সহায়তা গ্রহণ করা হয়ে থাকলে কিংবা আবেদন করা হয়ে থাকলে উক্ত রপ্তানির বিপরীতে নির্ধারিত ফরমে বর্ধিত ১% এর জন্য করা যাবে এবং তা ইতিপূর্বে সম্পাদিত নিরীক্ষা সনদের ভিত্তিতে পরিশোধ্য হবে।

(গ) উপরোক্ত বর্ধিত নগদ সহায়তা জানুয়ারী ০১, ২০১৪ হতে জুন ৩০, ২০১৫ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে কার্যকর হবে।

(ঘ) কোন রপ্তানিকারক একই রপ্তানির বিপরীতে বিদ্যমান তিনটি খাতে সহায়তা (প্রচলিত নগদ সহায়তা, ক্ষুদ্র ও মাঝারি বস্ত্র শিল্পের জন্য অতিরিক্ত সহায়তা এবং বাজার সম্প্রসারণ সহায়তা) প্রাপ্য হলে বর্ধিত/প্রস্তাবিত ব্যবস্থায় উক্ত তিনটি খাতে মোট নগদ সহায়তা সর্বোচ্চ ১১% প্রাপ্য হবে।

০২। উপরোক্ত (ক) অনুচ্ছেদ মোতাবেক বর্ধিত নগদ সহায়তার আবেদনপত্র দাখিলের শর্তাবলী ঃ

(ক) রপ্তানিকারকগণ রপ্তানিমূল্য প্রত্যাবাসনের তারিখের ১৮০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় বর্ধিত নগদ সহায়তার আবেদনপত্র ফরম-ক অনুসারে দাখিল করতে পারবে। জানুয়ারী ০১, ২০১৪ তারিখ হতে এ সার্কুলার জারির তারিখ পর্যন্ত সময়ে জাহাজীকৃত পণ্যের বিপরীতে বর্ধিত সুবিধার আবেদন নির্ধারিত ১৮০ দিনের মধ্যে দাখিল করা যাবে।

(খ) রপ্তানি ঋণপত্র/রপ্তানি চুক্তির আওতায় রপ্তানি পরবর্তী পর্যায়ে প্রণীত রপ্তানি দলিলের বিপরীতে প্রত্যাবাসিত রপ্তানি আয় কিংবা টিটির মাধ্যমে অগ্রিম প্রত্যাবাসিত রপ্তানি আয় বর্ধিত নগদ সহায়তার জন্য যোগ্য রপ্তানি আয় হিসেবে বিবেচিত হবে। অগ্রিম প্রত্যাবাসিত রপ্তানি আয়ের ক্ষেত্রে টিটি বার্তার ভাষ্যে আমদানিকারকের নাম ও আমদানির তথ্য সূত্র উল্লেখ থাকতে হবে।

(গ) রপ্তানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি যেমন বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট, বিল অব এক্সপোর্ট ইত্যাদি দাখিল করতে হবে।

(ঘ) ইপিজেড এর বাইরে অবস্থিত বস্ত্র শিল্পের তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানের জন্য আলোচ্য বর্ধিত/অতিরিক্ত ০.২৫% সহায়তা প্রযোজ্য হবে। শুল্ক বন্ড/ডিউটি ড্র ব্যাক সুবিধা গ্রহণের পাশাপাশি আলোচ্য সহায়তা প্রাপ্য হবে।

০৩। অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক আবেদনপত্র গ্রহণ, পরীক্ষণ ও পরিশোধ নিষ্পত্তি ঃ

(ক) বর্ধিত নগদ সহায়তার আবেদনের সংগে ফরমের বিভিন্ন অনুচ্ছেদে যে সকল কাগজপত্র, সনদপত্র, প্রত্যয়নপত্রের উল্লেখ আছে ঐগুলো সম্পূর্ণ ও পূর্ণাঙ্গ আকারে আবেদনের সাথে যুক্ত থাকার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক প্রাথমিক পরীক্ষণে নিশ্চিত হবে। ডকুমেন্ট নেগোশিয়েশন উপলক্ষ্যে যেসকল ডকুমেন্ট ব্যাংক শাখা কর্তৃক প্রক্রিয়াকৃত হয় সেগুলোর যথার্থতা ও সেগুলোতে উল্লেখিত তথ্যাদির শুদ্ধতার বিষয়েও সংশ্লিষ্ট ব্যাংক শাখা নিশ্চিত হবে। প্রাথমিক পরীক্ষণে পরিলক্ষিত ত্রুটির/অসম্পূর্ণতার (যদি থাকে) বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা আবেদনপত্র প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারী প্রতিষ্ঠানকে অবহিত করবে।

(খ) আবেদনকারী প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতার সাথে আবেদনপত্রে উল্লিখিত রপ্তানি সামঞ্জস্যতা সম্পর্কে নিশ্চিত হওয়ার লক্ষ্যে প্রযোজ্য কাগজপত্রাদি প্রয়োজনীয় ক্ষেত্রে আবেদনকারী হতে অতিরিক্ত ব্যাখ্যা/তথ্যাদি এবং রপ্তানি ও রপ্তানি মূল্য প্রত্যাবাসনের বিষয়ে ব্যাংক শাখার স্বীয় রেকর্ড হতে তথ্যাদি/সনদপত্র সংযোজনান্তে আবেদনপত্র পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ হবার পর অনুমোদিত ডিলার পরিশোধযোগ্য অংক নিরূপন করবে।

চলমান পাতা-০২

(গ) বর্ধিত নগদ সহায়তা প্রদানের পূর্বে প্রদেয় অর্থের সঠিকতার বিষয়ে নিযুক্ত বহিঃনিরীক্ষক ফার্ম দ্বারা প্রতিটি আবেদনপত্র নিরীক্ষা করাতে হবে। নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের পর সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে বর্ধিত নগদ সহায়তা বাবদ অর্থের দাবী বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং বিভাগে প্রেরণ করতে হবে। বাংলাদেশ ব্যাংক থেকে ছাড়কৃত বর্ধিত নগদ সহায়তার প্রেক্ষিতে আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিশোধিত অর্থের বিবরণী ফরম-'খ' অনুসারে সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে পরবর্তী মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগে দাখিল করতে হবে।

(ঘ) প্রতিক্ষেত্রে বর্ধিত নগদ সহায়তা পরিশোধ অনুমোদনের সংগে সংগে সংশ্লিষ্ট রপ্তানির মূল রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি), বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট ও বিল অব এক্সপোর্ট এর উপরে সহজে দৃষ্টি গোচর হয় এমন স্থানে বর্ধিত নগদ সহায়তা পরিশোধিত মর্মে সীল এবং পরিশোধ অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর সন্নিবেশ করতে হবে, যাতে ঐ সকল দলিলাদি অপব্যবহারের সুযোগ না থাকে। একই রপ্তানির আওতায় একই সুবিধার জন্য একাধিকবার পিআরসি ইস্যুকৃত না হওয়ার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। এজন্য শাখায় রক্ষিত রেজিষ্টারে সংশ্লিষ্ট সরবরাহের অন্যান্য তথ্যের সাথে প্রতি ক্ষেত্রে পিআরসি ইস্যুর তথ্য তারিখসহ সুবিধাজনকভাবে লিপিবদ্ধ রাখতে হবে।

(ঙ) বর্ধিত নগদ সহায়তা পরিশোধ নিষ্পত্তি সংশ্লিষ্ট সকল কাগজপত্র বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনের/সরকারী বাণিজ্যিক নিরীক্ষা বিভাগের পরীক্ষণের জন্য পরিশোধের তারিখ হতে অন্যূন ০৩(তিন) বছর পর্যন্ত শাখায় সংরক্ষণ করতে হবে।

০৫। বর্ধিত নগদ সহায়তা অনিয়মিতভাবে পরিশোধের শাস্তিমূলক ব্যবস্থাদি ঃ

(ক) বর্ধিত নগদ সহায়তা বিধিবহির্ভূতভাবে পরিশোধ করা হলে পরিশোধকৃত অর্থ বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত পরিশোধকারী ব্যাংকের হিসাব বিকলনপূর্বক আদায় করা হবে।

(খ) সংঘটিত অনিয়মের সংগে জড়িত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৫০

(অনুচ্ছেদ ০২(ক) এফই সার্কুলার নং- ২৫/২০১৪ দ্রষ্টব্য) **ফরম-'ক'**

বর্ধিত নগদ সহায়তার জন্য আবেদনপত্র

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ----------------------------------

রপ্তানি নিবন্ধন সনদপত্র নম্বর ঃ ---

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর, তারিখ ও মূল্য -------------------------------------

(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে)

(গ) রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণাদি সংগ্রহসূত্র ঃ

সরবরাহকারীর নাম ও ঠিকানা	পণ্যের নাম ও পরিমাণ	ঋণপত্র/ব্যাক টু ব্যাক ঋণপত্র/ ডকুমেন্টারি কালেকশন নম্বর, তারিখ	মূল্য
১	২	৩	৪

(৩ নং কলামের ঋণপত্রের পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে। রপ্তানি পণ্যের বর্ণনা, মূল্য এবং সংগ্রহসূত্রের বিষয়ে বস্ত্রখাত সংশ্লিষ্ট স্ব স্ব এসোসিয়েশন (বিজিএমইএ/বিকেএমইএ) এর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।)

(ঘ) রপ্তানি চালানের বিবরণ ঃ

পণ্যের বর্ণনা	পরিমাণ	আমদানিকারকের দেশের নাম	ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়)	জাহাজীকরণের তারিখ	ইএক্সপি নম্বর	বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানিমূল্য ও প্রত্যাবাসনের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭

(কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিষ্ট এবং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল ইত্যাদির সত্যায়িত পাঠযোগ্য কপি এবং রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি) দাখিল করতে হবে।)

(ঙ) বর্ধিত নগদ সহায়তার আবেদনকৃত অংক ঃ

প্রত্যাবাসিত রপ্তানিমূল্য	প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ	বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্সুরেন্স ইত্যাদি (যদি থাকে)	নীট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩)	প্রাপ্য সহায়তা $৪ \times \frac{০.২৫}{১০০}$
১	২	৩	৪	৫

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে)

এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব কারখানায় উৎপাদিত চূড়ান্ত রপ্তানির বিপরীতে বর্ধিত নগদ সহায়তার জন্য আবেদন করা হলো। এ আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য/ঘোষণা সম্পূর্ণ ও সঠিক। যদি পরবর্তীতে কোন ভুল/অসত্য তথ্য/প্রতারণা/জালিয়াতি উদঘাটিত হয় তবে গৃহীত বর্ধিত নগদ সহায়তার সমুদয় অর্থ বা এর অংশবিশেষ আমার/আমাদের নিকট হতে এবং/অথবা আমার/আমাদের ব্যাংক হিসাব থেকে আদায়/ফেরত নেয়া যাবে।

তারিখ ঃ ---------------------

আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবী।

(চ) বর্ধিত নগদ সহায়তা প্রদানকারী ব্যাংক শাখা কর্তৃক পূরণীয় ঃ

প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়)	বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্সুরেন্স ইত্যাদি (যদি থাকে)	নীট এফওবি রপ্তানিমূল্য (১-২)	পরিশোধ্য বর্ধিত নগদ সহায়তার পরিমাণ (টাকায়) ঃ $৩ \times \frac{০.২৫}{১০০} \times$ (রপ্তানিমূল্য প্রত্যাবাসনের তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় মূল্য)
১	২	৩	৪

বর্ধিত নগদ সহায়তার পরিমাণ --------------- টাকা (কথায় ঃ ---)।

পরিশোধের তারিখ ঃ --------------------

বর্ধিত নগদ সহায়তা অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত

ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবী

ফরম-'খ'

(অনুচ্ছেদ ০৩(গ), এফই সার্কুলার নং- ২৫/২০১৪ দ্রষ্টব্য)

বর্ধিত নগদ সহায়তার আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	স্থানীয়ভাবে সরবরাহের তথ্য					পরিশোধিত বর্ধিত নগদ সহায়তা (টাকা)	পরিশোধের তারিখ	শাখায় প্রাপ্ত অনিষ্পন্ন আবেদন	
	পণ্যের বিবরণ	জাহাজীকরণের তারিখ ও গন্তব্যস্থল	ইএক্সপি নম্বর	মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রা)	নীট এফওবি মূল্য (বৈদেশিক মুদ্রা)			সংখ্যা	দাবীকৃত অর্থ (টাকা)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

দাপ্তরিক সীল

ভারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর, নাম, পদবী ও তারিখ